

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

এফইআইডি সার্কুলার পত্র নম্বরঃ ০২/২০১৩

তারিখ: ০২ ফাল্গুন ১৪১৯ বঙ্গাব্দ

১৪ ফেব্রুয়ারী ২০১৩ খ্রিস্টাব্দ

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত
স্থানীয় এজেন্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অর্জিত ত্রৈমাসিক কমিশন বিবরণী বাংলাদেশ ব্যাংকে
দাখিলের ক্ষেত্রে পরিবর্তিত 'সংযোজনী-ক' অনুসরণ প্রসঙ্গে।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট
ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদত্ত অনুমতি নবায়ন ও নতুন প্রিন্সিপাল অন্তর্ভুক্তির ক্ষেত্রে অত্র বিভাগের
২৩/১১/২০১০ তারিখের সার্কুলার পত্র নং-০২/২০১০ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী স্থানীয় এজেন্ট
ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অর্জিত ও প্রত্যাবাসিত কমিশন সংক্রান্ত বিবরণী সংযোজনী-ক দাখিল করতে হয়।

এক্ষণে উক্ত 'সংযোজনী-ক' এর ফরম্যাটটি আংশিক সংশোধনপূর্বক নতুন ফরম্যাট জারি করা হলো।
এখন হতে নতুন ফরম্যাটে (সংযোজনী-ক) স্থানীয় এজেন্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অর্জিত ও প্রত্যাবাসিত কমিশন
বিবরণী দাখিল করতে হবে।

অত্র বিভাগের ২৩/১১/২০১০ তারিখের সার্কুলার পত্র নং-০২/২০১০ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা
অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

-স্বা/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৫১।

অনুমোদিত ডিলার ব্যাংক ও শাখার নাম ও ঠিকানা: -----

অনিবাসী প্রিন্সিপাল/প্রিন্সিপালসমূহের সাথে স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের সম্পাদিত
চুক্তি অনুযায়ী কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি অর্জন ও প্রত্যাশন সংক্রান্ত প্রত্যয়নপত্র।

স্থানীয় এজেন্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: -----

অত্র বিভাগ কর্তৃক প্রদত্ত অনুমতির নম্বর ও মেয়াদ: -----

প্রতিবেদনাধীন ত্রৈমাসিক:-----

(টাকা/বৈদেশিক মুদ্রার অংকে)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|------------------------------|------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------|
| অনিবাসী প্রিন্সিপালের নাম | প্রতিবেদনাধীন ত্রৈমাসিকে অর্জিত কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | চুক্তি অনুযায়ী শুরু থেকে সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত অর্জিত মোট পুঞ্জীভূত কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | শুরু থেকে সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত দেশে প্রত্যাশিত মোট পুঞ্জীভূত কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | শুরু থেকে সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত মোট পুঞ্জীভূত বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ(৩-৪) | বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি কোন সময়কালে (ত্রৈমাসিক) অর্জিত | কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি বকেয়া থাকার কারণ |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |
| ৫. | | | | | | |
| মোট = | | | | | | |

* অত্র বিভাগের প্রদত্ত অনুমোদন নবায়ন/প্রিন্সিপাল অন্তর্ভুক্তির সময় উপর্যুক্ত ফরমেটে আবেদনপত্রের সাথে অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক এই প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

* এডি ব্যাংক শাখায় রক্ষিত ডাটাবেজ হতে তথ্য সংগ্রহপূর্বক উপর্যুক্ত ফরমেটটি ব্যাংক কর্মকর্তাগণ কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে।

* ৬ ও ৭ নং কলামে উল্লিখিত বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জের বিভাজন (Break-up) উল্লেখসহ বকেয়ার সময়কাল ও ব্যাখ্যা প্রয়োজনবোধে পৃথক কাগজে উল্লেখ করা যাবে।

* ত্রৈমাসিক বলতে মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর বুঝাবে।

অনুমোদিত ডিলার ব্যাংকের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর: -----

নাম: -----

পদনাম: -----

সিলমোহর: -----